



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডায়ী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা), EIIN: 105822
ফ্যাক্সঃ ৮৮-০৮১-৬৫৯৮৮; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd>

তারিখ : ১২/০১/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলা জরুরি, জীবনের চেয়ে জরুরি অন্যকিছু নয়- অধ্যক্ষ

শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-২৬৭, তারিখ: ৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দের বিজ্ঞপ্তি মোতাবেক কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে যথাসময়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো:

১। ভর্তির জন্য অনুসরণীয় প্রক্রিয়া:

- ১.১ কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd তে **How to fill up HSC adm. form** অপশনে ক্লিক করে ভর্তির নির্দেশিকা সতর্কতার সাথে অনুসরণ করতে হবে। বিশেষ করে পাঠদানের সুবিধার্থে সচল মোবাইল নম্বর, g-mail id এবং ফেসবুক আইডি দেয়া জরুরী।
- ১.২ কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd তে **HSC Admission 2022-2023** অপশনে প্রবেশ করে ভর্তির আবেদন ফরম সতর্কতার সহিত পূরণ করে কম্পিউটার প্রদত্ত স্বয়ংক্রিয় আইডি নম্বর সংবলিত প্রিন্টকৃত ফরমটি জমা দিতে হবে। কম্পিউটারে প্রদত্ত স্বয়ংক্রিয় আইডি নম্বর স্টুডেন্ট আইডি হিসেবে ব্যবহৃত হবে।
- ১.৩ ভর্তির নির্দিষ্ট তারিখে শিক্ষার্থী/অভিভাবক/প্রতিনিধি কলেজের উচ্চমাধ্যমিক শাখা, কান্দিরপাড়ে উপস্থিত হয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র ক্রমানুসারে জেমস পিন দিয়ে আটকিয়ে A4 সাইজের খামে করে জমা দিতে হবে। খামের উপর শিক্ষার্থীর নাম, আইডি নং ও বিভাগ লিখতে হবে।
 - (ক) ভর্তি ফর্ম জমাকৃত Pay slip এর প্রিন্ট কপি
 - (খ) কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ও অঙ্গীকারনামা (স্বাক্ষরকৃত)
 - (গ) এসএসসি মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র
 - (ঘ) প্রশংসা পত্রের ফটোকপি ০২ কপি
 - (ঙ) এস.এস.সি ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের ফটোকপি ০২ কপি
 - (চ) ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও ০২ কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি (ছবির খামে করে জমা দিবে)
 - (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের Online Copy (১৭ সংখ্যা) ফটোকপি ০১ কপি
 - (জ) পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রত্যেকের ০১ কপি করে
 - (ঝ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের কোটা শনাক্তকরণের প্রমাণস্বরূপ-(১) মুক্তিযোদ্ধার মূল সনদ (২) পিতা/মাতার মূল জাতীয় পরিচয় পত্র
 - (৩) দাদা/দাদী, নান/নানী মুক্তিযোদ্ধা হলে ওয়ারিশ হিসাবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ধারাবাহিক ওয়ারিশনামার মূল সনদ সঙ্গে আনতে হবে (৪) সকল সনদের একসেট ফটোকপি জমা দিতে হবে।
 - (ঞ) ২% কোটার ক্ষেত্রে পিতা/মাতার কর্মস্থলের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র

২। ভর্তি তারিখ:

| | |
|-----------------|---------------------------------------|
| বিজ্ঞান | : ২২/০১/২০২৩ খ্রি. (রবিবার) |
| মানবিক | : ২৩/০১/২০২৩ খ্রি. (সোমবার) |
| ব্যবসায় শিক্ষা | : ২৪/০১/২০২৩ খ্রি. (মঙ্গলবার) |
| ভর্তি কার্যক্রম | : প্রতিদিন সকাল ১০টা থেকে ২টা পর্যন্ত |

- ৩। নিম্নলিখিত ভর্তি ফি Google Chrome Browser (Latest Version) ব্যবহার করে কলেজের www.cvgc.edu.bd লিংকে প্রবেশ করে HSC Admission 2022-2023 বাটনে ক্লিক করে বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দিতে হবে এবং জমাকৃত Pay Slip প্রিন্ট করতে হবে।

ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ :

| বিভাগ | টাকার পরিমাণ |
|--|---------------------------------|
| বিজ্ঞান | ৩,০৫১/- (তিন হাজার একান্ন) |
| ব্যবসায় শিক্ষা ও মানবিক | ২,৮১১/- (দুই হাজার আটশত এগারো) |
| ব্যবসায় শিক্ষা/মানবিক বিভাগের শিক্ষার্থীরা পরিসংখ্যান/গণিত বিষয় নিলে তাদের ক্ষেত্রে- | ২,৮৫১/- (দুই হাজার আটশত একান্ন) |

প্রতিস্বাক্ষর

Ashar
12.01.23

প্রফেরস ড. আবু জাফর খান (৩৯১৪)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

Am
12.01.23

মো. জাহাঙ্গীর আলম

সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ ও

আহ্বায়ক, ২০২২-২০২৩ একাদশ শ্রেণির ভর্তি কমিটি

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা